

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১৮১

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا يَحْيَى، عَنْ عَبْدِ الْمَلِكِ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ مَوْلَى أَسْمَاءَ، قَالَ: أَرْسَلْتَنِي أَسْمَاءُ إِلَى ابْنِ عُمَرَ: أَنَّهُ بَلَغَهَا أَنَّكَ تُحَرِّمُ أَشْيَاءَ ثَلَاثَةً: الْعَلَمَ فِي الثُّوبِ، وَمِثْرَةَ الْأَرْجَوَانِ، وَصَوْمَ رَجَبِ كُلِّهِ، فَقَالَ: أَمَّا مَا ذَكَرْتَ مِنْ صَوْمِ رَجَبٍ، فَكَيْفَ بِمَنْ يَصُومُ الْأَبَدَ؟ وَأَمَّا مَا ذَكَرْتَ مِنَ الْعَلَمِ فِي الثُّوبِ، فَإِنِّي سَمِعْتُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: مَنْ لَبَسَ الْحَرِيرَ فِي الدُّنْيَا لَمْ يَلْبَسْهُ فِي الْآخِرَةِ

ইসনাদে صحيح على شرط مسلم، رجاله ثقات رجال الشيخين غير عبد الملك - وهو ابن أبي سليمان العَرَزَمِي - فمن رجال مسلم. عبد الله مولى أسماء: هو عبد الله بن كيسان القرشي التيمي

وأخرجه مسلم (2069) ، والترمذي (2817) ، والنسائي في " الكبرى " (9588) و

(9589) من طرق عن عبد الملك بن أبي سليمان، بهذا الإسناد

وأخرجه البزار (130) و (136) من طريق سالم، عن ابن عمر، به

والمِثْرَةَ، قال في " النهاية " 5 / 150: هي من مراكب العجم تُعمل من حرير أو ديباج،

وتتخذ كالفرّاش الصغير، وتُحشى بقطن أو صوف، يجعلها الراكب تحته على الرِّحال

فوق الجمال، والأرجوان: صبغ أحمر

বাংলা

১৮১। আসমার স্বাধীনকৃত দাস আবদুল্লাহ বলেন, আসমা আমাকে আবদুল্লাহ ইবনে উমারের নিকট পাঠালেন।

আমি গিয়ে তাকে বললাম, আসমা শুনেছেন যে, আপনি তিনটে জিনিস থেকে নিষেধ করেনঃ কাপড়ে নকশী করা, বেগুনী রং এর বালিশ এবং পুরো রজব মাসের রোযা। তিনি বললেন, রজব মাসের রোযা সম্পর্কে যা বললেন, সে সম্পর্কে আমার বক্তব্য হলো, যে ব্যক্তি সারা জীবন রোযা রাখে, তার সাথে কী করা হবে? অর্থাৎ সারা জীবন

রোযা রাখা যেমন অনুচিত, সারা রজব মাস রোযা রাখাও তেমনি অনুচিত। কেননা রমযানের ফারয রোযা আসন্ন। আর কাপড়ে নকশী সম্পর্কে যা বললেন, সে সম্পর্কে আমি উমার (রাঃ) কে বলতে শুনেছি যে, যে ব্যক্তি দুনিয়ায় রেশমী পোশাক পরবে, সে আখিরাতে তাপরবে না। হাদীসে নকশী কাপড় বলতে রেশমী (সিল্ক) পোশাককে বুঝানো হয়েছে। রেশমী ছাড়া অন্যান্য কাপড়ে নকশী করা নিষিদ্ধ নয়। [মুসলিম]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63005>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন